

তারিখ	...
পৃষ্ঠা	২
কলাম	৪

সূর্যসেন হলে ছাত্রদের দু'কর্মীকে মারধর

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হলে থেকে গত শুক্রবার রাতে ছাত্রদের ক্যাডাররা ২ ছাত্রকে মারধর করে হলে থেকে বের করে দিয়েছে। জানা যায়, ছাত্রলীগ থেকে ছাত্রদলে যোগ দেয়া হাবীব এবং বাদলকে হলের ৩৪৭ নং কক্ষে ধরে নিয়ে ছাত্রদের ক্যাডাররা রক্ত দিয়ে বেদম প্রহর করে। এই ঘটনার পূর্বে হাবীব এবং বাদল সূর্যসেন হলের টিভি কক্ষে টিকু নামের এক ছাত্রদল কর্মীকে মারধর করে। টিকু এই ঘটনা হলের ছাত্রদের সিনিয়র নেতৃত্বকে জানালে রাতে দুই দফায় হাবীব এবং বাদলকে মারধর করা হয়। হাবীব এবং বাদল দুইজনই ১ অক্টোবরের পরে ছাত্রলীগ থেকে ছাত্রদলে যোগ দেয়। তবে একটি সূত্র জানায়, ছিনতাইয়ের টাকা ভাগাভাগি নিয়ে এ ঘটনা ঘটে।